

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-২৭২১

আগরতলা, ১৪ নভেম্বর ২০১৭

আখাউড়া-আগরতলা রেলপথ : বিধানসভায় তথ্য

আখাউড়া-আগরতলা রেলপথের প্রয়োজনীয় জমি অধিগ্রহণ এবং জমি হস্তান্তরের কাজ প্রায় শেষের পথে। চলতি নভেম্বর মাস থেকে মাটি কাটার কাজ শুরু হয়েছে। আজ বিধানসভায় প্রশ্নোত্তর পর্বে বিধায়ক রতন লাল নাথের লিখিত প্রশ্নের উত্তরে পরিবহণ মন্ত্রী মানিক দে এই তথ্য জানান। তিনি আরও জানান, রেল মন্ত্রক সূত্রে জানা গেছে যে, আগরতলা-আখাউড়া রেললাইন প্রকল্পের অর্থের পরিমাণ ৫৮০ কোটি টাকা। উক্ত প্রকল্পটির কাজ শেষ করতে আগামী ২ বছর ৬ মাস লাগবে বলে আশা করা যায়

\*\*\*\*\*